# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড)

## বিষয় : বাংলা ১ম পত্র (সৃজনশীল)

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময়: ২ ঘন্টা ১০ মিনিট পূর্ণমান: ৬০

[বি.দ্র.: প্রতিটি বিভাগ থেকে দুইটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধুরীতি ও চলিত রীতির মিশ্রণ বাঞ্ছনীয় নয়।]

### ক অংশ — গদ্য

**প্রশ্ন-১ ▶** তুচ্ছ কারণে বিয়ে ভেঙে যাওয়ায় শাহীন আক্তার আর বিয়ের পিঁড়িতে বসেননি। এখন তিনি সমাজ সেবামূলক একটি সংস্থায় দৃষ্টি প্রতিবন্ধীদের লেখাপড়া শেখানোর কাজ করেন।

ক. অনুপম হাত জোড় করে মাথা হেঁট করার পর কার হৃদয় গলেছে? ১

খ. কল্যাণী বিয়ে না করার পণ করেছে কেন? ২

গ. শাহীন আক্তারের সমাজসেবামূলক কাজ 'অপরিচিতা' গল্পের কোন দিককে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "শাহীন আক্তারের মানসিক দৃঢ়তা 'অপরিচিতা' গল্পের কল্যাণীর ছায়ারূপ"— কথাটির যৌক্তিকতা বিচার করো। ৪

**প্রশ্ন-২ ▶** সেলিম গ্রামে বেড়াতে গেলেই হারান কাকা তার জন্য নানা ফল নিয়ে হাজির হয়। আনন্দে সেলিম সেগুলো গ্রহণ করে। গ্রামের কিছু মানুষ এ বিষয়টি নিয়ে টিপ্পনী করে। তবে সেলিম ও হারান আপন মনেই মিশে যায় পরস্পরের সঙ্গে।

ক. বুড়ি গোপালের জন্য ঘটিতে কী এনেছিল? ১

খ. বুড়ি গোপালের সংস্পর্শে এসে আপন মনে কথা বলত কেন? ২

গ. উদ্দীপকের সেলিম ও হারানের সম্পর্ক 'আহ্বান' গল্পের ঘটনার আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের সম্পর্কের ভিত্তিই 'আহ্বান' গল্পের আবেদনকে চিরায়ত করে তুলেছে— মন্তব্যটি পর্যালোচনা করো। ৪

**প্রশ্ন-৩ ▶** তুলতুল দাদীর কাছে গল্পে শুনেছে, চাঁদে নাকি এক পরী আছে। সে দিনে চরকা কাটে আর রাতে তার মানুষ বন্ধুদের নিয়ে আকাশে ঘুরে বেড়ায়। পরীরা নাকি সুন্দর মনের মানুষদের ভালো বন্ধু হয়। তুলতুলের খুব ইচ্ছে সেও পরীদের বন্ধু হবে, চাঁদে যাবে।

ক. মহাজাগতিক কিউরেটরদেরকে প্রাণী খোঁজার দায়িত্ব কে দিয়েছেন? ১

খ. কিউরেটররা আসলে কী খুঁজছে এবং কেন? ২

গ. পরীর সাথে চাঁদে যাওয়া আর কিউরেটরদের সাথে অন্য গ্রহে যাওয়ার বিষয়ে সাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপকের দাদীর গল্প অনুযায়ী পরীর মতো মহাজাগতিক কিউরেটররাও আছে বলে কি তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

## খ অংশ — কবিতা

**প্রশ্ন-৪ ▶** ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে পাকিস্তানি হানাদার বাহিনী এদেশের মানুষের ওপর নারকীয় হত্যাকাণ্ড চালায়। তবে তাদের চেয়ে কম ক্ষতি করেনি দেশদ্রোহী রাজাকার, আলবদর, আল-শামসরা। নিজের দেশের মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করে তারা পাকিস্তানি বাহিনীকে গণহত্যায় সহযোগিতা করে।

ক. 'এবে পাপপূর্ণ লঙ্কাপুরী'— এ উক্তিটি কে করেছেন? ১

খ. 'নহি দোষী আমি, বৎস, বৃথা ভর্ৎস মোরে তুমি।' এই উক্তিটিতে বিভীষণ কী বোঝাতে চেয়েছেন? ২

গ. "বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার বিভীষণ উদ্দীপকের কোন শ্রেণিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "যুদ্ধে প্রতিপক্ষের তুলনায় স্বপক্ষের বিশ্বাসঘাতকরা বেশি ভয়ঙ্কর।"— উদ্দীপক ও 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার আলোকে উক্তিটির যথার্থতা নির্ণয় করো। ৪

**প্রশ্ন-৫ ▶** হিম কুহেলির অন্তরতলে আজিকে পুলক জাগে
রাঙিয়া উঠেছে পলাশ কনিকা মধুর রঙ্গিন রাগে।
আসিবে এবার ঋতুরাজ বুঝি
তারি বাঁশি ওঠে মলয়েতে বাজি
* * * * * * * * * * * * * *
দূরে সরে গেছে হিম জর্জর
কুয়াশা ঢাকা বেদনা নিথর
মর্মরি ওঠে মধুর রাগিণী বন-নিকুঞ্জ তলে
সুন্দর সে যে হাসিতে তাহার নিখিল ভুবন ভোলে।

ক. 'কুঁড়ি' শব্দটির ব্যুৎপত্তি নির্দেশ করো। ১

খ. শীত ঋতুকে কবি কেন 'মাঘের সন্ন্যাসী' বলেছেন? ২

গ. অনুচ্ছেদের প্রথমাংশের ভাবটি 'তাহারেই পড়ে মনে' কবিতায় কার সংলাপে ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "অনুচ্ছেদে বর্ণিত ঋতুর সঙ্গে 'তাহারেই পড়ে মনে' কবিতার ঋতুর দৃষ্টিভঙ্গিগত পার্থক্য রয়েছে"— এ উক্তিটির সঙ্গে তুমি কি একমত? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

**প্রশ্ন-৬ ▶** "মানুষের প্রাণ থেকে পৃথিবীর মানুষের প্রতি
যেই আস্থা নষ্ট হয়ে গিয়েছিল, ফিরে আসে, মহাত্মা গান্ধীকে
আস্থা করা যায় বলে।"

ক. নূরলদীন আবার একদিন কোথায় আসবে? ১

খ. কবি কেন নূরলদীনের আগমন প্রত্যাশা করেন? ২

গ. উদ্দীপকের মহাত্মা গান্ধীর সঙ্গে 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার নূরলদীনের মধ্যে সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

http://teachingbd.com

ঘ. 'অভাগা মানুষগুলোকে জাগিয়ে তুলতেই নূরলদীনেরা বারবার ফিরে আসেন–' উদ্দীপক ও 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার আলোকে বিশ্লেষণ করো। ৪

## গ অংশ — সহপাঠ

**প্রশ্ন-৭ ▶** দুর্ভিক্ষের কারণে যখন মৃত্যু প্রায় সমাগত, তখন গ্রাম ছেড়ে পালিয়েছিলো ইউনুছ মিয়া। দূরের এক গ্রামে এসে বসবাস শুরু করে এবং নিজেকে কবিরাজ হিসেবে পরিচয় দেয়। ধীরে ধীরে পরিচিতি ও জনপ্রিয়তা বাড়ে ইউনুস মিয়ার, কারণ সে মানুষকে ভালোবাসে, মানুষকে সঠিক পরামর্শ দেয়, অন্যের অজ্ঞতার সুযোগ কখনোই গ্রহণ করে না।

ক. কীসের কথা মনে হলে মজিদ শিউরে ওঠে? ১

খ. 'খোদার এলেমে বুক ভরে না তলায় পেট শূণ্য বলে'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ইউনুছ মিয়ার সাথে 'লালসালু' উপন্যাসের মজিদের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. প্রমাণ করো যে, উদ্দীপকের ইউনুস মিয়া ও 'লালসালু' উপন্যাসের মজিদ আদর্শগত দিক থেকে দুই মেরুর বাসিন্দা। ৪

**প্রশ্ন-৮ ▶** "সেনাপতি! ছি ছি এ কি! হা ধিক্ তোমারে
কেমনে, বল না হায়!
কাষ্ঠের পুতুল-প্রায়,
সুসজ্জিত দাঁড়াইয়া আছে এক ধারে?"

ক. নবাব সিরাজউদ্দৌলা ফোর্ট উইলিয়াম দুর্গে কী তৈরি করার নির্দেশ দেন? ১

খ. সিরাজউদ্দৌলা কোম্পানি ও ইংরেজদের সম্পত্তি নবাব তহবিলে বাজেয়াপ্ত করার নির্দেশ দেন কেন? ২

গ. উদ্দীপকে প্রকাশিত ভাবটি 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে কতটুকু সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকে উল্লিখিত বিধৃত পুতুল সেনাপতি ও তার অধীনস্ত সৈন্যরাই নবাবকে ডুবিয়েছে।"— মন্তব্যটি 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৯ ▶** আমজাদ আলি হঠাৎ করেই গ্রামের মানুষকে এক পিরের মিথ্যা গল্প শোনালো, যাঁর এক ফুঁয়ে সমস্ত রোগ সেরে যায়। এটা শুনে গ্রামের সবাই আমজাদকে টাকা-পয়সা দিয়ে সর্বরোগ-নিরাময়ী পানি আনতে পিরের কাছে পাঠালো। আর আমজাদ নিজেই ফুঁ দিয়ে পানিকে পিরের ফুঁ দেয়া বলে চালিয়ে দিলো।

ক. মহব্বতনগরে কে স্কুল করার উদ্যোগ নেয়? ১

খ. মজিদ আক্কাসকে স্কুল বানাতে বাধা দিল কেন? ২

গ. উদ্দীপকের আমজাদ আলি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রকে ইঙ্গিত করে? ৩

ঘ. "উদ্দীপকের গ্রামবাসী ও 'লালসালু' উপন্যাসের মহব্বতনগরের গ্রামবাসীর ধর্ম বিশ্বাসে কোনো পার্থক্য নাই"— আলোচনা করো। ৪

Teachingbd.com

# বাংলা (আবশ্যিক) প্রথম পত্র

## বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড: ১ ০ ১

সময়: ৪০ মিনিট পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১ ।]

১. **'তার দীর্ঘ দেহ নিয়ে আবার নূরলদীন দেখা দেয়'— কোথায়?**
ক) বাংলায় খ) মুক্তিযুদ্ধে
গ) মরা আঙিনায় ঘ) রংপুরে

২. **'লোক পরম্পরায় দ্রুত ও কথিক বিষয় যা একটি জাতির ঐতিহ্যের পরিচয়বাহী'— এই সংজ্ঞাটি কোন শব্দে ধারণ করা হয়েছে?**
ক) অবিসংবাদিত খ) ইতিহাস
গ) ঐতিহ্য ঘ) কিংবদন্তি

৩. **অমোঘ অস্ত্র কী?**
ক) রাজনীতি খ) ভালোবাসা গ) যুদ্ধ ঘ) একাগ্নিবান

৪. **'মেঘ বলে চৈত্রে যাবো' গ্রন্থের রচয়িতা কে?**
ক) আহসান হাবীব খ) আল মাহমুদ
গ) সৈয়দ শামসুল হক ঘ) আবু জাফর ওবায়দুল্লাহ

৫. **তাঁর পিঠে রক্ত জবার মতো ক্ষত ছিল? 'রক্তজবা' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?**
ক) গুচ্ছ গুচ্ছ স্বপ্ন কল্পনা
খ) বর্ণ-রঙিন পুষ্পমালঞ্চ
গ) মানুষের ওপর অত্যাচারের ইতিহাস
ঘ) মুক্তিযুদ্ধের রক্তলাল নদ-নদী

৬. **'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কোন বিশেষ শব্দবন্ধ কবির একান্ত প্রত্যাশিত মুক্তির প্রতীক হয়ে উপস্থাপিত হয়েছে—**
ক) কিংবদন্তি খ) কবিতা গ) পূর্বপুরুষ ঘ) ক্রীতদাস

৭. **'চতুর্দিকে মানবিক বাগান কমলবন হচ্ছে তছনছ।' কোন কবিতার অংশবিশেষ?**
ক) ঐকতান খ) লোক-লোকান্তর
গ) রক্তে আমার অনাদি অস্থি
ঘ) ফেব্রুয়ারি ১৯৬৯

৮. **'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় কী ফুটে উঠেছে?**
i. বাংলার রূপময় প্রকৃতি ii. বাংলার নদ-নদী
iii. বাংলার পতঙ্গ প্রাণী
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
উহারা রত্ন বেনে
রত্ন চিনিয়া মনে করে ওরা রত্না করেও চেনে।
ডুবে নাই তারা অতলগভীর রত্ন-সিন্ধু-জলে।

৯. **উদ্দীপকের ভাবের সাথে 'সাম্যবাদী' কবিতার সাদৃশ্য রয়েছে—**
ক) জীবন দর্শনের খ) শাস্ত্রের অসারতার
গ) আত্মজিজ্ঞাসার ঘ) আত্মমূল্যায়নের

১০. **উদ্দীপকের 'শাস্ত্র না ঘেঁটে ডুব দাও, সখা, সত্য-সিন্ধু-জলে।'— উক্তিটি 'সাম্যবাদী' কবিতায় যে বিষয়ের প্রতিফলন তা হলো—**
ক) মানুষের হৃদয় খ) শাস্ত্রের অসারতায়
গ) আত্ম-জিজ্ঞাসার ঘ) আত্ম-মূল্যায়নের

১১. **মাইকেল মধুসূদন দত্ত কোথায় গ্রিক, লাতিন ও হিব্রু শিক্ষার সুযোগ পান?**
ক) হিন্দু কলেজে
খ) শিবপুরের বিশপ্‌স কলেজে
গ) ফ্রান্সের ভার্সাই নগরীতে
ঘ) ইংল্যান্ডের অক্সফোর্ডে

১২. **'হেন সহবাসে, হে পিতৃব্য, বর্বরতা কেন না শিখিবে?' নিচের যে প্রবাদগুলো এ বক্তব্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ—**
i. সৎ সঙ্গে স্বর্গবাস, অসৎ সঙ্গে সর্বনাশ
ii. সঙ্গদোষে লোহা ভাসে
iii. মাছের মায়ের পুত্রশোক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
আত্মীয়তার সম্পর্কে কংস কৃষ্ণের মামা হলেও জন্মের পরপরই কংস কৃষ্ণকে হত্যা করতে উদ্যত হয়। কারণ সে জানতে পেরেছিল, এক সময় কৃষ্ণ তার অপকর্মের পথে বাঁধা হয়ে দাঁড়াবে।

১৩. **'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় স্বজনের প্রতি বৈরী আচরণের কোন বিষয়টি যুক্তি হিসেবে দাঁড় করেছেন বিভীষণ?**
ক) স্বার্থরক্ষা খ) ধর্মরক্ষা গ) বংশরক্ষা ঘ) কুলরক্ষা

১৪. **উদ্দীপকের 'কংস মামা' নিচের কোন বাগধারায় ধরা পড়েছে?**
ক) রাবণের চিতা খ) ঘরের শত্রু বিভীষণ
গ) কুম্ভকর্ণের ঘুম ঘ) লঙ্কাকান্ড

১৫. **কবির সুর সাধনায় বহুতর ডাক পৌঁছায়নি কেন?**
ক) কবির রচনা লক্ষ্যভেদী ও আবেদনময় নয়
খ) কবি অপ্রতুল জ্ঞানের অধিকারী
গ) কবি সাধনায় মনোযোগী নন
ঘ) কবি শ্রেণি বিচার করে চলেন

১৬. **'ঘাতকের অশুভ আস্তানায়'— মানুষের অবস্থা কেমন ছিল?**
i. কেউ মরা ii. কেউ আধমরা
iii. কেউ জেদি বিপ্লবে ফেটে পড়ে
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও ii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৭. **'নেকলেস' গল্পের নিচের কোন বাক্যে জীবনের দার্শনিক ভাষ্য ব্যক্ত হয়েছে?**
ক) হায়, আমার বেচারী মাতিলদা! আমারটি ছিল নকল
খ) সামান্য একটি বস্তুতে কী করে একজন ধ্বংস হয়ে যেতে পারে আবার বাঁচাতেও পারে
গ) নিজেকে সজ্জিত করার অক্ষমতার জন্য সে সাধারণভাবেই থাকত
ঘ) কিন্তু তা শেষ হয়েছে এবং সেজন্য আমি এখন ভালোভাবেই নিশ্চিত হয়েছি

১৮. **ওয়াটারলু যুদ্ধে হেরে নেপোলিয়ন কোন দ্বীপে নির্বাসিত হয়ে মৃত্যুবরণ করেন?**
ক) সেন্ট হেলেনা দ্বীপে খ) তাহিতি দ্বীপে
গ) সিসিলি দ্বীপে ঘ) নিকারাগুয়ার দ্বীপে

১৯. **'ল্যুভ' মিউজিয়মের সৃষ্টি হয়—**
ক) ফরাসি বিপ্লবের আগে খ) ফরাসি বিপ্লবের পরে
গ) নেপোলিয়নের সময়ে ঘ) অতি সাম্প্রতিক কালে

২০. **কোন ঘটনার পর পাশ্চাত্যে জাদুঘর গড়ে তোলার প্রয়াস বৃদ্ধি পায়?**
ক) রেনেসাঁসের পর খ) রুশ বিপ্লবের পর
গ) ফরাসি বিপ্লবের পর ঘ) প্রথম বিশ্বযুদ্ধের পর

http://teachingbd.com

২১. 'রাজাকার' বা 'মুক্তিবাহিনী' কোনটির সঙ্গেই সরাসরি জড়িত নয়, বরং হানাদার বাহিনীকে খুশি করার জন্য তোষামোদী ভূমিকায় অবতীর্ণ হতে 'রেইনকোট' গল্পে কাকে দেখা যায়?
ⓚ নুরুল হুদাকে ⓚ প্রিন্সিপালকে
ⓖ আবদুস সাত্তার মৃধাকে ⓖ দোকানদারকে

(ক) নুরুল হুদাকে (খ) প্রিন্সিপালকে
(গ) আবদুস সাত্তার মৃধাকে (ঘ) দোকানদারকে

**নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

সোহেল, রোজারিও এবং শ্যামল তিন বন্ধু। দুর্গাপূজা উপলক্ষে রোজারিও শ্যামলের বাড়িতে গেলেও সোহেল তার পরিবারের বাঁধার কারণে যেতে পারল না।

২২. 'আমার পথ' প্রবন্ধের আলোকে উদ্দীপকের সোহেলের শ্যামলের বাড়িতে না যাওয়ার বড় সমস্যা কী?
(ক) ধর্মীয় গোঁড়ামি (খ) অর্থের টানাপড়েন
(গ) শারীরিক অসুস্থতা (ঘ) অহংকারের দাপট

২৩. 'আমার পথ' প্রবন্ধে নজরুলের ভাষ্য অনুসারে তাকে কোন ধর্মবোধে উদ্বুদ্ধ বলে মনে হয়?
(ক) মানবতার ধর্মে (খ) ইসলাম ধর্মে
(গ) বৌদ্ধ আদর্শের ধর্মে (ঘ) হিন্দুধর্মে

২৪. মাদাম লোইসেলের মনে সব সময় দুঃখ থাকার কারণ কী?
i. দারিদ্র্য ও বিবর্ণ-জিনিসপত্রের জন্য
ii. হতশ্রী দেয়াল ও জীর্ণ চেয়ারের জন্য
iii. উচ্চপদে চাকরি না পাওয়ার জন্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

গাজা ও ইসরাইলের মধ্যকার যুদ্ধে প্রতিদিন প্রাণ হারাচ্ছে সাধারণ নিরীহ জনগণ। নিজেদেরকে ধ্বংসের উৎসবে মেতে উঠেছে গাজা ও ইসরাইলবাসী। এই নির্মমতার হাত থেকে রেহাই পাচ্ছে না নিষ্পাপ শিশুরাও। একুশ শতাব্দীতে দাঁড়িয়ে এই নির্মমতা মনুষ্যত্বহীনতার ফল।

২৫. অপরের সার্থকতার মধ্যে অন্তরায় সৃষ্টি করা কার কাজ?
(ক) কুটিল বুদ্ধির লোকদের (খ) জবরদস্তিপ্রিয় মানুষের
(গ) প্রভাবশালী লোকদের (ঘ) চরিত্রহীন মানুষের

২৬. উদ্দীপকের সাথে 'জীবন-বৃক্ষ' প্রবন্ধের বৈসাদৃশ্য কোথায়?
(ক) বিকাশে (খ) বৃদ্ধিতে (গ) শিক্ষায় (ঘ) প্রাপ্তিতে

২৭. কোলকাতার রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের 'সাম্মানিক ডিলিট ডিগ্রি' কে লাভ করেছেন?
(ক) শামসুর রাহমান (খ) মুহম্মদ জাফর ইকবাল
(গ) আনিসুজ্জামান (ঘ) আখতারুজ্জামান ইলিয়াস

২৮. দরজার ছিটকানি ও খিল বন্ধ থাকার পরও 'সশস্ত্র মিন্টু' 'পিছে পিছে মিলিটারি' ভাবনা এলো কেন নুরল হুদার?
(ক) স্বপ্নের ঘোরে (খ) আতঙ্কজনিত বিভ্রান্তিতে
(গ) ঘরে আসছিল বলে (ঘ) আসমা বলে তাই

২৯. অনুপম বিয়েবঞ্চিত হলে মামা কী সিদ্ধান্ত নিয়েছিলেন?
(ক) কনে পক্ষকে বাগে পেলে ছাড়বেন না
(খ) কনে পক্ষকে লজ্জিত করে ক্ষমা চাওয়াবেন
(গ) বিবাহের চুক্তিভঙ্গ ও মানহানির দাবিতে নালিশ করবেন
(ঘ) বিয়ে ভাঙাকে তিনি তুচ্ছ বিষয় মনে করেন

**নিচের উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

আজ এসেছি তোমাদের দ্বারে ঘরে ঘরে
পৃথিবীর আদালতের পরোয়ানা নিয়ে
তোমরা কি দেবে আমার প্রশ্নের কৈফিয়ত
কেন মৃত্যুকীর্ণ শবে ভরলো পঞ্চাশ সাল?

৩০. কবিতাংশে 'বিড়াল' রচনার যে দিকটি প্রকাশ পেয়েছে—
i. খাদ্য সংকটের কারণ ii. সুবিধাবঞ্চিতদের কথা
iii. অধিকার বঞ্চিতদের কথা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩১. উদ্দীপকের 'কেন মৃত্যুকীর্ণ শব্দে ভরলো পঞ্চাশ সাল?' — এ প্রশ্নের উত্তর উক্ত রচনার আলোকে কী হতে পারে?
(ক) ধনীর ধন বৃদ্ধি পেলে দরিদ্রের ক্ষতি কী
(খ) বড় বড় সাধুরা চোর অপেক্ষাও অধার্মিক
(গ) সমাজের ধনবৃদ্ধি মানে ধনীর-ধনবৃদ্ধি
(ঘ) চোরের দণ্ডবিধান করা কর্তব্য

৩২. কল্যাণীর বিয়েতে অস্বীকৃতি ও মেয়েদের শিক্ষার ব্রত গ্রহণ করায় পাঠকের চোখে তার কোন বৈশিষ্ট্য ধরা পড়েছে?
(ক) অহংকার (খ) নারীস্বাতন্ত্র্য
(গ) আধুনিকতা (ঘ) মূল্যবোধ

৩৩. বিশ শতকে রচিত রবীন্দ্রনাথের ছোট গল্পে কী প্রাধান্য পেয়েছে?
(ক) অতিপ্রাকৃত চেতনা (খ) স্বপ্ন-কল্পনার মুগ্ধতা
(গ) প্রকৃতিপ্রেম (ঘ) বাস্তবতা

৩৪. মাস্টারদা সূর্যসেনের নেতৃত্বে পরিচালিত চট্টগ্রাম যুব বিদ্রোহে অংশ নিয়ে কারাবরণ করেন কে?
(ক) কাজী নজরুল ইসলাম (খ) পূর্ণেন্দু দস্তিদার
(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (ঘ) ইলামিত্র

৩৫. বৃদ্ধা স্বামীর নাম মুখে আনল না, কারণ—
i. এটি একটি প্রথা ii. এটি একটি সংস্কার
iii. এটি একটি বিশ্বাস
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৬. মানুষের প্রতি সমাজের অন্যতম কাজ কোনটি?
(ক) ধীরস্থির জীবনের প্রতি আগ্রহ জাগানো
(খ) প্রেম ও সৌন্দর্যের স্পর্শ লাভ করানো
(গ) বিকশিত জীবনের প্রতি আগ্রহ জাগানো
(ঘ) বৃক্ষকে জীবনাদর্শ হিসেবে উপস্থাপন

৩৭. নুরুল হুদাকে পাকিস্তানি হানাদার বাহিনীর তলব করার কারণ কী?
i. মুক্তিযোদ্ধাদের সহযোগী সন্দেহে
ii. মুক্তিযোদ্ধা সন্দেহে
iii. মুক্তিযোদ্ধাদের সন্ধান পেতে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৮. নীল জাল দেওয়ার মস্ত বড় কড়াই দেখে লেখকের মনে সম্ভ্রম জাগার সঙ্গে সঙ্গে যা জেগে উঠেছে—
(ক) আনন্দ ও বিস্ময়বোধ (খ) দীর্ঘশ্বাস ও অশ্রুর কথা
(গ) কবিত্বের অভিব্যক্তি (ঘ) ইতিহাস ও ঐতিহ্য

৩৯. 'আমার পথ'-এর প্রাবন্ধিক আগুনের ঝাণ্ডা নিয়ে পথে বাহির হলেন। এখানে 'আগুনের ঝাণ্ডা' কী প্রকাশ করেছে?
(ক) সত্যের পথে উড়ানো পতাকা
(খ) অন্যায় প্রতিরোধ আগুনে পোড়ানো
(গ) যুদ্ধ ও বিপ্লব ঘোষণা
(ঘ) অহংকারের স্ফুলিঙ্গ ছড়ানো

৪০. 'অপরিচিতা' গল্পে যে দিকটি প্রকাশিত হয়েছে—
(ক) যৌতুকের প্রতিবাদ ও নারীস্বাতন্ত্র্য
(খ) পারিবারিক ঠুনকো সম্ভ্রমবোধ
(গ) পরিবারতন্ত্র ও অর্থলোলুপতা
(ঘ) অকারণ অহংকারে অপমান আঘাত

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তরমালা | ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক |
| | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | ঘ | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ক |

http://teachingbd.com